

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-১৯

তারিখঃ ২৫/০৫/২০০৫ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অস্ট্রাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৯/০৭/২০০৩ ইং তারিখের সার্কুলার নং-১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলারের ০২নং অনুচ্ছেদ অনুসারে উদ্যোক্তার একুইটির সম্পূর্ণ অংশ (১০০%) বিনিয়োগ হওয়ার পর অন্যান্য শর্তাদির পরিপালন সাপেক্ষে ইইএফ সহায়তার অর্থ উদ্যোক্তাকে প্রদানের উল্লেখ আছে । এক্ষেত্রে, উক্ত শর্ত আংশিক পরিবর্তনপূর্বক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, যে সকল প্রকল্পে ব্যাংক ঋণ নাই এবং ভূমি ও ভূমি উন্নয়ন ব্যয় মোট প্রকল্প ব্যয়ের ৪০% বা তার নিচে ঐ সকল প্রকল্পে উদ্যোক্তার প্রদেয় একুইটির ৮০% বিনিয়োগ হলে অন্যান্য শর্তাদি পরিপালন সাপেক্ষে উদ্যোক্তা মূল্যায়নকারী ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক এর নিকট ইইএফ সহায়তার জন্য আবেদন করলে বাংলাদেশ ব্যাংক মঞ্জুরীকৃত ইইএফ সহায়তার অংশবিশেষ প্রদানের বিষয়টি বিবেচনা করতে পারে ।

উপরোল্লিখিত সংশোধনী অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম ফজলে রব)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১৬৩৬৫০